# নতুন রাষ্ট্রপতিকে অভিনন্দন জানালেন পাকিস্তান প্রেসিডেন্ট, সফরের আমন্ত্রণ



ছবি: সংগৃহীত

বাংলাদেশের নতুন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে অভিনন্দন জানিয়েছেন পাকিস্তানের প্রেসিডেন্ট আসিফ আলি জারদারি। একই সঙ্গে ঢাকা-ইসলামাবাদ সম্পর্ক আরও গভীর করতে তাকে পাকিস্তান সফরের আমন্ত্রণ জানিয়েছেন তিনি।
শুক্রবার (২১ আগস্ট) সন্ধ্যায় পাকিস্তানের প্রেসিডেন্টের পাঠানো শুভেচ্ছা বার্তার তথ্য জানায় ঢাকায় দেশটির হাইকমিশন।

হাইকমিশনের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, অভিনন্দন বার্তায় আসিফ আলি জারদারি আশা প্রকাশ করেছেন, রাষ্ট্রপতি মির্জা ফখরুলের নেতৃত্বে বাংলাদেশ উন্নয়ন ও অগ্রগতির পথে আরও এগিয়ে যাবে এবং জনগণের কল্যাণে নতুন সাফল্য অর্জন করবে।

LENS ASIA

পাকিস্তানের প্রেসিডেন্ট বলেন, অভিন্ন ইতিহাস এবং ধর্মীয় ও সাংস্কৃতিক যোগাযোগের কারণে বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক বিদ্যমান। দুই দেশের দ্বিপক্ষীয় সম্পর্কে সাম্প্রতিক সময়ে যে ইতিবাচক অগ্রগতি হয়েছে, সেটিকেও স্বাগত জানান তিনি।

পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে ঢাকা ও ইসলামাবাদের সহযোগিতা আরও সম্প্রসারিত হবে বলে আশা প্রকাশ করেন জারদারি। একই সঙ্গে দুই দেশের সম্পর্ক শক্তিশালী করা এবং জনগণের মধ্যে যোগাযোগ ও পারস্পরিক সহযোগিতা বাড়াতে রাষ্ট্রপতি মির্জা ফখরুলের সঙ্গে কাজ করার আগ্রহের কথা জানান তিনি।

শুভেচ্ছা বার্তায় মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে তার সুবিধাজনক সময়ে পাকিস্তান সফরের আমন্ত্রণ জানান পাকিস্তানের প্রেসিডেন্ট।

জারদারি আশা করেন, রাষ্ট্রপতির এ সফর দুই দেশের সম্পর্ক আরও দৃঢ় করার পাশাপাশি ঢাকা ও ইসলামাবাদের মধ্যে পারস্পরিক সহযোগিতার নতুন সুযোগ তৈরি করবে।

বার্তার শেষাংশে রাষ্ট্রপতি মির্জা ফখরুলের দায়িত্ব পালনে সাফল্য কামনা করেন আসিফ আলি জারদারি। পাশাপাশি বাংলাদেশের জনগণের শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি অব্যাহত থাকার প্রত্যাশা ব্যক্ত করেন তিনি।